## Sanatan Dharma

---

**কোন ফুলে, কোন পত্রে কোন দেবতা সন্তুষ্ট হন**

আসুন জেনে নিন কোন ফুলে, কোন পত্রে কোন দেবতা সন্তুষ্ট হন।

পরিবারের সকল সদস্যের মঙ্গল কামনার্থে সকলেই যে যার ইষ্ট দেবতার পুজো করে থাকেন। পুজোর অন্যতম উপকরণ হল ফুল। ফুল ছাড়া ঠাকুরের পুজো কিন্তু ভাবাই যায় না। কিন্তু জানেন কী প্রত্যেক দেবতার পুজের জন্য আলাদা আলাদা ফুল নিবেদন করা হয়। তাই জেনে নিন কোন ফুলে কোন দেবতা সন্তুষ্ট হন।

১) মহাদেব- সর্বশক্তিমান মহাদেবের পুজোর জন্য আকন্দ ফুলই নিবেদন করা উচিত। এছাড়াও ধুতরা ফুল এবং কাঁটা ফল দিয়ে পুজো দিলেও মহাদেব সন্তুষ্ট হন। শিব পুজায় বেল পাতা আবশ্যক।

২) মা কালি- দুষ্টের দমন করতে হাতে খাঁড়া তুলে নিয়েছেন মা কালি। অসুর বধ করে গলায় তিনি পরেছেন মুণ্ডুমালা। সেখান থেকে থেকে গড়িয়ে পরছে অসুরদের রক্ত বিন্দু। তাই শক্তির আরাধনার জন্য় রক্তবর্ণ জবা দিয়েই করা হয়ে থাকে।

৩)মা লক্ষ্মী- সুখ, শান্তি এবং সমৃদ্ধির জন্য প্রতি বৃহস্পতিবার করে মা লক্ষ্মীর পুজো করে থাকেন নিয়ে আসার জন্য মা লক্ষ্মীর পুজো করা হয়ে থাকে। জানেন, মা লক্ষ্মীর সবথেকে প্রিয় ফুল পদ্ম। আর দেবী বিরাজও করেন তাই পদ্মের ওপর।

৪) দেবী সরস্বতী- দেবী সরস্বতীর হলুদ বা বাসন্তী রঙের ফুল খুবই পছন্দের। আর সেই কারণেই বিদ্যার দেবীর আরাধণায় তাই হলুদ ফুল ব্যবহার করা হয়।

৫) শ্রী বিষ্ণু-এই বিশ্ব ব্রহ্মাণ্ড লালন পালনের দায়িত্ব যার কাঁধে, সেই ভগবান বিষ্ণুর পছন্দের রং হল সাদা। তবে এছাড়াও তিনি যে কোনও উজ্জ্বল রঙের ফুল পছন্দ করেন। সেইসঙ্গে তাঁর পুজোয় তুলসী পাতা ব্যবহার করতেও ভুলবেন না।

৬) সিদ্ধিদাতা গণেশ- গণেজ পুজোয় যেকোনও লাল রঙের ফুল ( লাল গাঁদা) ব্যবহার করা উচিত। কারণ তিনিও লাল রঙ খুবই পছন্দ করেন।

৭) শনিদেব- শনিদেব নীল রঙের ফুল খুবই পছন্দ করেন। তাই তাঁর পুজোয় নীল অপরাজিতা ফুল নিবেদন করা উচিত।

বিঃদ্রঃ শ্রী হরি/ শ্রী বিষ্ণু/ শ্রী কৃষ্ণ / শ্রী জগন্নাথ ছাড়া অন্য কোনো দেব বা দেবী কে তুলসীপাতা দিয়ে পুজো করা যায় না।

Published on: Jan, 14 2023 10:40